



রাজনৈতিক হয়রানিমূলক মামলা প্রত্যাহারের জন্য নতুন কমিটি গঠন



সংগৃহীত ছবি

সরকার রাজনৈতিক উদ্দেশ্যে দায়ের করা হয়রানিমূলক মামলা প্রত্যাহারের জন্য একটি কেন্দ্রীয় কমিটি গঠন করেছে। কমিটিতে মোট ৬ জন সদস্য থাকবেন, এবং কার্যক্রমের তদারকির দায়িত্বে থাকবেন আইনমন্ত্রী মো. আসাদুজামান।

রোববার (৮ মার্চ) রাষ্ট্রপতির আদেশক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের কমিটি বিষয়ক অধিশাখার অতিরিক্ত সচিব মো. হুমায়ুন কবির স্বাক্ষরিত প্রজ্ঞাপনের মাধ্যমে এই সিদ্ধান্ত ঘোষণা করা হয়।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, কমিটি 'বিভিন্ন সময়ে রাজনৈতিক কারণে দায়ের করা হয়রানিমূলক মামলা প্রত্যাহার কার্যক্রম' দেখভাল করবে। কমিটির আহ্বায়ক হবেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী, আর সদস্যসচিব হিসেবে দায়িত্ব পালন করবেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আইন-১ শাখার কর্মকর্তা।

LENS ASIA